# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 DECEMBER 2025** **7:45—7:55**

---

১) পশ্চিম কার্বি আংলং জেলার খেরণিতে উত্তেজনা অব্যাহত । হিংসাত্মক কার্যকলাপ নিয়ন্ত্রণের জন্য পুলিশের গুলিচালনায় আজ এক জনের মৃত্যু । ইন্টারনেটসেবা অনির্দৃষ্টকালের জন্য বন্ধ ।

২) একটি সমাজকে স্বনির্ভর হওয়ার জন্য গ্রামীন অর্থনিতী শক্তিশালীকরণের বিকল্প নেই বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য ।

৩) সারা আসাম উকিল সংস্থার জুবিন গার্গের মৃত্যুর মামলার বিচার প্রক্রিয়া পর্যবেক্ষণ করার জন্য নিজস্ব একটি বিশেষজ্ঞ সমিতি গঠন ।

৪) রাজ্যের জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজারিকার আজ শিলচর বিলপার সিঙ্গিরখালের ওপর একটি আর সি সি সেতু এবং শ্রীভূমি জেলার রামকৃষ্ণ নগর সমজেলা কার্যালয়ের শিলান্যাস

এবং

৫)।সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ জাতীয় কৃষক দিবস উদযাপন

---

পশ্চিম কার্বি-আংলং জেলার খেরণীতে পরিস্থিতি আজও উত্তেজনাপূর্ণ রয়েছে । পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য পশ্চিম কার্বি-আংলং এবং কার্বি-আংলং উভয় জেলায় ভারতীয় ন্যায় সংহিতার ১শো ৬৩ ধারার অধীনে ৫ জনের অধিক লোকের জমায়েত নিষিদ্ধ করা সত্বেও আজ খেরণির বিভিন্ন অঞ্চলে প্রতিবাদকারীরা মূল সড়কে বেড়িয়ে এসে পুলিশের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হওয়ায় পরিস্থিতি আরো উত্তেজাপূর্ণ হয়ে ওঠে ।

উত্তেজিত জনতাকে ছত্রভঙ্গ করতে আজও পুলিশের গুলি চালনায় একজন প্রতিবাদকারী নিহত হয়েছেন । প্রতিবাদকারীদের আক্রমণে বেশ কয়েকজন পুলিশ আহত হয়েছেন বলেও খবর পাওয়া গেছে । পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য আসাম পুলিশের সঞ্চালক প্রধান হরমিত সিং এবং আইন সৃঙ্খলা শাখার পুলিশ মহাপরিদর্শক শিব প্রসাদ গাঞ্জালাই ইতিমধ্যেই ডংকামোকামে উপস্থিত হয়ে সেখানে অবস্থান করছেন ।ইতিমধ্যেই সেখানে ইন্টারনেটসেবা অনিদৃষ্টকালের জন্য বন্ধ করে দেওয়া হয়েছে । সঞ্চালক প্রধান হরমিত সিং বলেন যে ------

( বাইট )

এদিকে মুখ্যমন্ত্রীর নির্দেশমর্মে রাজ্য সরকারের প্রবীন মন্ত্রী ডা রণোজ পেগু বর্তমানে ডংকামোকামে অবস্থান করে পরিস্থিতি সম্পর্কে অবগত হচ্ছেন । পশ্চিম কার্বি আংলং-এ নিরাপত্তা বাহিনীর অতিরিক্ত একটি দলও প্রেরণ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেছেন যে একটি সমাজকে স্বনির্ভর হওয়ার জন্য গ্রামীন অর্থনিতী শক্তিশালীকরণের বিকল্প নেই । রাজ্যের মহিলাদের আর্থিক সাবলীকরণের উদ্দশ্যে রাজ্য সরকারের রূপায়ন করা মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে ডক্টর শর্মা আজ ডিব্রুগড় জেলার সাবুয়া লাহোয়াল বিধানসভা আসনের মহিলাদের চেক বিতরণ অনুষ্ঠানের সূচনা করে ভাষণ প্রসঙ্গে এ কথা বলেন । মুখ্যমন্ত্রী বলেন যে রাজ্যের মহিলাদের আর্থিকভাবে স্বাবলম্বী করার লক্ষ্যে রাজ্য সরকারের গৃহিত মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে এ পর্যন্ত রাজ্যের ৫৫টি বিধানসভা আসনের ১৫ লক্ষ উদ্যমী মহিলা ১০ হাজার টাকার প্রথম কিস্তির চেক লাভ করেছেন এবং আবেদনকারী বাকিরা খুব শীঘ্রই এই চেক লাভ করবেন । মুখ্যমন্ত্রী বলেন যে আসামবাসীর দৈনন্দন জীবনের জন্য প্রয়োজনীয় ৯০ শতাংশ সামগ্রী বাইরের রাজ্য থেকে আমদানী করতে হয় । ডিম , মুরগী , শাক-শব্জী সহ অন্যান্য অসংখ্য নিত্য প্রয়োজনীয় সামগ্রীর জন্য আসামকে বাইরের রাজ্যের আমদানীর ওপর নির্ভর করতে হয় বলে উল্লেখ করে তিনি বলেন যে আসামে দৈনিক ২৫ লক্ষ লিটার দুধের প্রয়োজন হয় , কিন্তু রাজ্যে মাত্র ৩ লক্ষ লিটার দুধ উৎপাদন হয় এবং ২২ লক্ষ লিটার দুধ বিহার , গুজরাট , কর্ণাটক ইত্যাদি রাজ্য থেকে আমদানী করতে হয় । চাপাতা ছাড়া আসাম থেকে বিশেষ কোন সামগ্রী রপ্তানী হয়না বলে মন্তব্য করে তিনি বলেন যে আলু , পেঁয়াজ , শাক-শব্জী , ডাল , চাল ইত্যাদি সামগ্রী বাইরের রাজ্য থেকে আসামে আসে । তিনি আক্ষেপ প্রকাশ করে বলেন যে আসামের মানুষ ব্যাবসা করছেন অথচ সেই ব্যবসার ১শো টাকার মধ্যে ৮০ টাকাই বাইরের রাজ্যে চলে যাচ্ছে । আসামকে

যদি স্বনির্ভর করতে হয় তবে গ্রামীন অর্থনীতীকে শক্তিশালী করা ছাড়া অন্য কোন বিকল্প নেই বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------------

সারা আসাম উকিল সংস্থা রাজ্যের বিভিন্ন জেলা এবং মহকুমা উকিল সংস্থার সদস্যদের নিয়ে জুবিন গার্গের মৃত্যুর মামলার বিচার প্রক্রিয়া পর্যবেক্ষণ করার জন্য নিজস্ব একটি বিশেষজ্ঞ সমিতি গঠন করেছে । এই বিশেষজ্ঞ কমিটি জুবিন গার্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে রুজু হওয়া ফৌজদারী মামলা সহ প্রবর্তক সঞ্চালকালয়ের মামলা এবং গৌহাটি হাইকোর্টে বিচারাধীন আরো ৩টি জনস্বার্থ সংক্রান্তের আবেদন পর্যবেক্ষণ করবে এবং এই ক্ষেত্রে সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণ করবে । সারা আসাম উকিল সংস্থার সভাপতি শৈলেন্দ্র দাস এবং সাধারণ সম্পাদক দীপক কুমার দাস এ কথা জানিয়েছেন । তারা আরো জানিয়েছেন যে বিশেষজ্ঞ সমিতি প্রয়োজন সাপেক্ষে সরকারী পক্ষকে সহযোগিতা করবে । প্রবীন অধিবক্তা কমল আগরওয়াল , ডেভিড লেজার , শৈলেন্দ্র চন্দ্র দাস , অজিত বরগোহাই , জিয়াউল কামার , আনন্দ কুমার ভূইয়া , মানস শরণীয়া , রমেশ কুমার জৈন এবং বিজন মহাজনকে উপদেষ্টা এবং দীপক মুমার দাস এবং শান্তম খাউণ্ডকে আহ্বায়ক ও আরো ৭ জন অধিবক্তাকে সদস্য হিসেবে মনোনীত করে এই বিশেষজ্ঞ সমিতি গঠন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্যের জল সম্পদ বিভাগের মন্ত্রী পীযুষ হাজারিকা আজ শিলচর বিলপারে সিঙ্গিরখালের উপর চার কোটী ৮০ লক্ষ টাকা ব্যয়ে একটি আর সি সি নর্দমা নির্মান প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । শিলচর পৌর নিগম এলাকার দীর্ঘ দিনের জমা জলের সমস্যার স্থায়ী সমাধান নিশ্চিত করা এবং শহরের ব্যস্ত এলাকায় দুই ও তিন চাকার যানবাহনের চলাচল আরো সহজ করার লক্ষ্যে এই প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্টানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী হাজারিকা জানান যে এই প্রকল্পের আওতায় ৪৮০ মিটার আর সি সি নর্দমা নির্মানের পাশাপাশি একটি পাকা সড়ক গড়ে তোলা হবে , যা বিলপার , ফাটক বাজার সহ নিউ মার্কেট এলাকার বাবসায়ী ও বাসিন্দাদের জন্য স্বস্তি বয়ে আনবে । আজকের অনুষ্ঠানে মন্ত্রী কৌশিক রাই , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , জেলা আয়ুক্ত মৃদুল যাদব প্রমূখ অংশগ্রহন করেন ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্যের জল সম্পদ বিভাগের মন্ত্রী পীযুষ হাজারিকা আজ শ্রীভূমি জেলার রামকৃষ্ণনগর সমজেলা কার্যালয়ের ভূমি পূজা ও শিলান্যাস করেন । শিলান্যাস অনুষ্টানে বক্তব্য

রাখতে গিয়ে মন্ত্রী শ্রীহাজারিকা জানান যে রামকৃষ্ণ নগর সমজেলা কার্যালয় স্থাপনের মাধ্যমে এলাকার জনসাধারণ প্রশাসনিক কাজকর্মের অনেক সুবিধা লাভ করবেন । ১৯ কোটী ৪০ লক্ষ টাকা ব্যয়ে আগামী দু বছরের মধ্যে প্রশাসনিক ভবন নির্মানের কাজ শেষ হবে বলে মন্ত্রী শ্রীহাজারিকা জানান । মন্ত্রী শ্রীহাজারিকা আরো জানান -----

বাইট

আজকের অনুষ্টানে মন্ত্রী কৌশিক রাই , বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ , বিজয় মালাকার , জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী পৌর সভানেত্রী প্রতিমা নাথ প্রমূখ উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ জাতীয় কৃষক দিবস উদযাপন করা হয়েছে । দেশের বিকাশ ও উন্নয়নের ক্ষেত্রে কৃষকদের উল্লেখযোগ্য অবদানের সম্মান স্বরূপ প্রতিবছর আজকের এই দিনটি কৃষক দিবস হিসেবে পালন করা হয় । কৃষকদের কল্যাণ ও গ্রামীণ বিষয় সম্পর্কে গভীর জ্ঞানের জন্য প্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিংয়ের জন্ম জয়ন্তীর সঙ্গে সঙ্গতি রেখে আজকের দিনটি জাতীয় কৃষক দিবস হিসেবে পালন করা হয় । দেশের উন্নয়নে মূখ্য ভূমিকা গ্রহণ করা কৃষকদের ত্যাগের স্বীকৃতি ও তাঁদের সম্মানে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে । কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান এই দিবস উপলক্ষ্যে প্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিংয়ের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন । তিনি বলেন যে চৌধুরী চরণ সিং তাঁর সমগ্র জীবন কৃষকের কল্যাণ ও উন্নত তথা আত্মনির্ভর ভারত নির্মাণে উৎসর্গ করেছিলেন ।

জাতীয় কৃষক দিবস উপলক্ষ্যে কেন্দ্রীয় গ্রাহক পরিক্রমা ,খাদ্য ও গণবন্টন বিভাগের মন্ত্রী প্রহ্লাদ যোশী দেশের অন্নদাতা কৃষকদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী যোশী বলেন যে কৃষকেরা কঠোর পরিশ্রম ও ত্যাগের মাধ্যমে দেশের লোকেদের খাদ্য সরবরাহ করাই নয় দেশের আত্মাকে শক্তিশালী করে তুলেছে । জনসাধারণ দেশের প্রকৃত মেরুদন্ড স্বরূপ কৃষকদের প্রতি সর্বদা কৃতজ্ঞ থাকবে বলে তিনি উল্লেখ করেন । কৃষকদের মূখ্য ভুমিকাকে স্বীকৃতি দিয়ে সরকার তাঁদের সামাজিক ,অর্থনৈতিক দিকসমূহকে সমর্থন করা সহ বহনক্ষম কৃষি উন্নয়ন নিশ্চিত করার উদ্দেশ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে ।এরমধ্যে প্রধানমন্ত্রী কৃষক সম্মান নিধি ,প্রধানমন্ত্রী ফসল বীমা প্রকল্প এবং প্রধানমন্ত্রী কিষাণ মনধন প্রকল্প উল্লেখযোগ্য ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ এই দিবস পালন করা হয়েছে ।

কাছাড় কৃষি  বিজ্ঞান কেন্দ্রের বি আর দত্ত প্রেক্ষাগৃহে আজ বিশেষ কার্যসূচীর মাধ্যমে এই দিবস পালন করা হয় । অনুষ্ঠানে কাছাড় জেলার কৃষি আধিকারিক ড. এর আর আহমেদ মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এছাড়া প্রবীণ বিজ্ঞানী তথা কেন্দ্রের প্রধান ড.সুরেশ চন্দ্র বিশ্বাস সহ বিশিষ্ট ব্যাক্তিরা অনুষ্ঠানে অংশ নেন ।

এরপর একটি সচেতনতা সভাও অনুষ্ঠিত হয় । এই বিশেষ অনুষ্ঠানের অংশ হিসেবে কেন্দ্রীয় কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহানের ভাষণের সরাসরি সম্প্রচার করা হয় ।
শ্রীভূমি কৃষি বিজ্ঞান কেন্দ্রে যথাযোগ্য মর্যদায় কৃষক দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে শ্রীভূমি  কৃষি বিজ্ঞান কেন্দ্রের প্রবীণ বিজ্ঞানী তথা প্রধান ড. পি চৌধুরী তার বক্তব্যে কৃষক দিবসের তাৎপর্য তুলে ধরেন এবং বিকশিত ভারত-গ্রামীণ রোজগার ও জীবিকার গ্যারান্টি মিশনের ওপর আলোকপাত করেন । অনুষ্ঠানে মোট ৯৩ জন কৃষক অংশগ্রহণ করেন । এরমধ্যে জেলার কৃষি উন্নয়নে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ ১০ জন প্রগতিশীল  কৃষককে ঐতিহ্যবাহী গামছা ও শংসাপত্র দিয়ে সম্বর্ধনা জানানো হয় । অনুষ্ঠানের শেষে বিজ্ঞানী ও কৃষকদের মধ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয় ।
হাইলাকান্দি জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে হাইলাকান্দি এস এস কলেজের প্রেক্ষাগৃহে আজ এই দিবস উপলক্ষ্যে বিশেষ কার্যসূচীর আয়োজন করা হয় । অনুষ্ঠানে কৃষিক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য প্রগতিশীল কৃষক , কৃষির সঙ্গে জড়িত ব্যাক্তি ও বিজ্ঞানীদের কৃষি বিজ্ঞান কেন্দ্র হাইলাকান্দির পক্ষ থেকে সম্বর্ধনা জানানো হয় । এছাড়া এক সচেতনতা সভাও অনুষ্ঠিত হয় । এতে বিশেষজ্ঞরা আধুনিক কৃষি প্রযুক্তি ,মাটী স্বাস্থ্য ব্যাবস্থাপনা ,শস্য বৈচিত্র এবং কৃষকদের জন্য থাকা সরকারী প্রকল্পসমূহের বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করেন ।

---

হাইলাকান্দি জেলায় সুশাসন সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে আজ জেলার ৫টি গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে জনতার দুয়ারে সরকার শীর্ষক সভা অনুষ্ঠিত হয়েছে । আজ জেলার চিপরসাঙ্গন , বন্দুকমারা-বড় হাইলাকান্দি, আয়নাখাল, ধলাই বাগান এবং নারাইনপুর-বক্রিহাওর গ্রাম পঞ্চায়েতে সুশাসন সপ্তাহের সভা অনুষ্ঠিত হয়েছে । সভাগুলিতে সরকারী আধিকারিকরা জনপরিষেবা সর্ম্পকে বিস্তারিত আলোচনা করেন ।

---

শহীদ কনকলতা জন্ম শতবর্ষ উদযাপন সমিতির উদ্যোগে গতকাল শিলচর মধ্য সহর সাংস্কৃতিক সমিতির প্রেক্ষাগৃহে শহীদ কনকলতা বরুয়ার ১০১তম জন্ম বার্ষিকী যথাযোগ্য মর্য্যাদায় পালন করা হয়েছে । সমিতির সভানেত্রী অবসরপ্রাপ্ত শিক্ষিকা গৌরী দত্ত বিশ্বাসের পৌরহিত্যে আয়োজিত সভায় বর্তমান সময়ে বীরবালা কনকলতা বড়ুয়া সহ মনিষীদের জীবন চর্চার প্রাসঙ্গিকতা নিয়ে আসাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য্য তপোধীর ভট্টাচার্য্য বক্তব্য রাখেন । পরে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয় ।

---------------------------------------------------------------------------------